



ইসরায়েলের তেল শোধনাগারে ইরানের ক্ষেপণাস্ত্র হামলা



সংগৃহীত ছবি

প্রয়াত হিজবুল্লাহ নেতা হাসান নাসরাল্লাহর নামানুসারে তৈরি নতুন ক্ষেপণাস্ত্র ব্যবহার করে ইসরায়েলে হামলা চালিয়েছে ইরান। দেশটির বন্দরনগরী হাইফার একটি তেল শোধনাগার এ হামলার লক্ষ্যবস্তুতে পরিণত হয়। বিষয়টি নিশ্চিত করেছে ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী।

তাৎক্ষণিকভাবে হতাহত বা বড় ধরনের ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি। ইসরায়েলি কর্তৃপক্ষ জানিয়েছে, হামলায় একটি তেল পরিশোধনাগার আঘাতপ্রাপ্ত হলেও উল্লেখযোগ্য ক্ষতি হয়নি।

আইআরজিসির দাবি, ব্যবহৃত ক্ষেপণাস্ত্রটি মাল্টি-ওয়ারহেড প্রযুক্তিসম্পন্ন এবং ভারী বিস্ফোরক বহনে সক্ষম। বৃহস্পতিবার যুদ্ধ শুরু পর থেকে ৬৬ দফায় হাইফা ও আশদোদর জ্বালানি অবকাঠামো লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়। এর মধ্যে অন্তত একটি মিসাইল হাইফার তেল শোধনাগারে আঘাত হানে। সিসিটিভি ফুটেজে হামলার দৃশ্য ধরা পড়েছে এবং সাময়িকভাবে স্থাপনার কার্যক্রম বন্ধ থাকে।

হাইফা ছাড়াও তেলআবিব, জেরুজালেমসহ ইসরায়েলের উত্তর ও দক্ষিণাঞ্চলের বিভিন্ন স্থানে হামলা চালানো হয়েছে।

অন্যদিকে শুক্রবার ভোরে রাজধানী তেহরানে একাধিক দফায় বিমান হামলা চালিয়েছে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী। এতে বেশ কয়েকটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। এদিকে হরমুজ প্রণালি এলাকায় আইআরজিসির একাধিক নৌযান লক্ষ্য করে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র।